

214221 - প্রত্যেক ক্যারেট অনুযায়ী স্বর্ণে যাকাতের নেসাব কিভাবে হিসাব করবেন?

প্রশ্ন

এক লোকের কাছ একশ সত্তর (১৭০) গ্রাম স্বর্ণ আছে। এই স্বর্ণে তার যাকাতের পরিমাণ কত?

প্রিয় উত্তর

স্বর্ণ ও রৌপ্যে যাকাত হিসাব করা হবে এই দুটিতে থাকা খাঁটি অংশের পরিমাণ বিবেচনা করে। খাদ বা ভেজাল বাদ দিয়ে খাঁটি অংশের যাকাত প্রদান করতে হবে।

২৪ ক্যারেট তথা খাঁটি সোনার নেসাবের পরিমাণ যাকাত ৮৫ গ্রাম। এই ক্যারেটে খাদ ও ভেজাল থেকে মুক্ত থাকার মাত্রা ৯৯৯ থেকে ১০০০ পর্যন্ত। স্বর্ণ বিশেষজ্ঞদের মতে এটি খাঁটি সোনার সর্বোচ্চ স্তর।

২১ ক্যারেট ও ১৮ ক্যারেটের স্বর্ণে নানাভাবে নেসাব পরিমাণ হিসাব করা হয়। তন্মধ্যে সবচেয়ে প্রসিদ্ধ হলো:

স্বর্ণের গ্রামকে ক্যারেট দিয়ে গুণ দিয়ে গুণফলকে ২৪ দিয়ে ভাগ করতে হবে। ভাগফল আসবে ২৪ ক্যারেটের খাঁটি স্বর্ণ অনুযায়ী। যদি ৮৫ গ্রাম কিংবা তার চেয়ে বেশি হয়, তাহলে তাতে যাকাত আবশ্যিক হবে, যার পরিমাণ ২.৫%।

উদাহরণস্বরূপ আপনার প্রশ্নে উল্লিখিত স্বর্ণ যদি ২১ ক্যারেটের হয়ে থাকে, তাহলে তার যাকাত এভাবে হিসাব করা হবে।

$$(২১ \times ১৭০) \div ২৪ = ১৪৮.৭৫$$

এরপর এর ২.৫% বের করতে হবে, যা প্রায় ৩.৭ গ্রাম। বছর পূর্ণ হলে এই পরিমাণ স্বর্ণের যাকাতের পরিমাণ এতটুকু হবে।

আল্লাহ তাআলাই সর্বজ্ঞ।